গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত ফেব্রুয়ারি, ২০২৪-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২৫ ফেব্রুয়ারি ২০২৪ |
| সভার সময় | বেলা ১১.১৫টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় সাধারণ প্যাভিলিয়ন ক্যাটাগরিতে কারা অধিদপ্তর ১ম স্থান (গোল্ড কালার ট্রফি) অর্জন করায় কারা মহাপরিদর্শক কে অভিনন্দন জানান। তিনি উপসচিব (প্রশাসন-৩)-কে আলোচসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য বলেন। উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জনাব মোঃ শহীদ আতাহার হোসেন (উপসচিব) এবং জনাব আবেদা আফসারী (উপসচিব) সুরক্ষা সেবা বিভাগে সম্প্রতি যোগদান করেছেন। সভাপতি নবযোগদানকারী কর্মকর্তাগণকে পরিচয় প্রদানের জন্য অনুরাধ করেন। অতঃপর নবযোগদানকারী কর্মকর্তাগণ নিজ নিজ পরিচয় প্রদান করেন এবং অর্পিত দায়িত্বপালনকালে তাঁরা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি তাঁদেরকে এ বিভাগে স্বাগত জানান এবং অর্পিত দায়িত্ব আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.০ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ** : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জানুয়ারি, ২০২৪-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ১) জানুয়ারি, ২০২৪-এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |
| ২.১ | **কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধ :** সভাকে জানানো হয়, বর্তমানে করোনাভাইরাসে আক্রান্ত কোন কর্মচারী নেই। সম্প্রতি কোভিড-১৯ আক্রান্তের হার বৃদ্ধি পাওয়ায় সকলকে স্বাস্থ্যবিধি প্রতিপালন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এ ছাড়া ডেঙ্গুরোগ প্রতিরোধে কর্মস্থলের আশে-পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে। | ১) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.২ | **সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদ পুরণ** : উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ : | ১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন |

কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সুরক্ষা সেবা বিভাগ | ২৭৭ | ২২৩ | ৫৪ | -- |
| ২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৩০৫৯ | ১৮৬৫ | ১২০৫ | (১১ জন অতিরিক্ত কর্মরত) (নার্সিং সুপারভাইজার পদে ২ জন, উচ্চমান সহকারী ১ জন, নমুনা সংগ্রহকারী ১ জন, টেবুলেটর ১ জন, নিরাপত্তা প্রহরী ৬ জন কর্মরত, কিন্তু পদগুলোতে যারা কর্মরত তাদের পদোন্নতি, পিআরএল বা কোন কারণে শূন্য হলেই বিলুপ্ত হবে।) |
| ৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১৪,৫১৫ | ১৩,৮৫৩ | ৬৬২ | -- |
| ৪ | কারা অধিদপ্তর | ১২২৩৮ | ১০৮২৩ | ১৪১৫ | -- |
| ৫ | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১৫৩০ | ১১৮৪ | ৩১৭ | পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬টি, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত। |
| | মোট= | ৩১৬১৯ | ২৭৯৪৮ | ৩৬৫৩ | |

শূন্যপদের বিন্যাস :

| মন্ত্রণালয়/ মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | ১ম-৯ম গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬ | ৭ | ৬ | ১৫ | ৫৪ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৭৩ | ১৪০ | ৭০ | ৩৪ | ৩১৭ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০১ | ১৪৪ | ৭৫২ | ১০৮ | ১২০৫ |

করতে হবে;

২) বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য বিপিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৩) দপ্তর/সংস্থার জন্য বিপিএসসি হতে সুপারিশ প্রাপ্ত পদসমূহে নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। নিয়োগের কার্যক্রম সম্পাদনের অগ্রগতি সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান প্রত্যেক মাসিক সভায় প্রতিবেদন আকারে উপস্থাপন করবেন।

৪) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগবিধি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১০ | ৫ | ৫৫২ | ৯৫ | ৬৬২ |
| কারা অধিদপ্তর | ৪৭ | ৭৪ | ৫০৩ | ৭৯১ | ১৪১৫ |
| মোট= | **৩৫৭** | **৩৭০** | **১৮৮৩** | **১০৪৩** | **৩৬৫৩** |

**ক) সুরক্ষা সেবা বিভাগ :** বিপিএসসি হতে সুপারিশপ্রাপ্ত ০২ (দুই) জন প্রশাসনিক কর্মকর্তা ৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ২৩ নং প্রজ্ঞাপনমূলে ১৮ফেব্রুয়ারি ২০২৪ তারিখে এ বিভাগের যোগদান করেন।

**খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**

**১ম-৯ম গ্রেড** : বিপিএসসি হতে ১৮ জন সহকারী পরিচালকের পদ, ৯ জন রিহেবিলিটেশন অফিসারের পদ, ৮ জন সহকারী রাসায়নিক পরীক্ষকের পদ, ৮ জন সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কারের পদ, ২ জন হিসাবরক্ষকের পদ এবং ১ জন আইন কর্মকর্তার মোট ৭ ক্যাটাগরির ৪৬ জনকে নন-ক্যাডার হতে সুপারিশ করা হয়েছে।

**১০ম গ্রেড** : পিএসসি হতে প্রসিকিউটর পদে ২৫ জন, কাউন্সিলর পদে ১৫ জন এবং মেট্রোন (জুনিয়র) পদে ১ জনসহ ৪১ জনকে নন-ক্যাডার হতে সুপারিশ করা হয়েছে।

**১১-১৭তম গ্রেড** : ল্যাব সহকারী পদে ১৫ জনকে নিয়োগের লক্ষ্যে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২ নভেম্বর ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। সিপাই এর ৩১৩টি পদে নিয়োগের লক্ষ্যে শারীরিক পরীক্ষা এবং লিখিত পরীক্ষা সমাপনান্তে ফলাফল ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে।

**১৮-২০ গ্রেড** : ল্যাব এটেনডেন্ট এর ১৮টি পদে নিয়োগের লক্ষ্যে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের প্রাক নিয়োগ চরিত্র যাচাই এবং ডোপটেস্ট সম্পন্ন হয়েছে। ১ জন ডোপটেস্ট পরীক্ষায় অনুপস্থিত থাকায় ১৭ জনের অনুকূলে ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে চাকরিতে যোগদানের নিমিত্ত নিয়োগপত্র জারি করা হয়েছে।

**গ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**

**২য়-৯ম গ্রেড** : ৭৩টি শূন্যপদের বিপরীতে ৪৫টি পদের জন্য পিএসসিতে তালিকা প্রেরণ করা হয়েছে। এছাড়া, অতিরিক্ত মহাপরিচালক এর ১(এক)টি পদের চলতি দায়িত্ব প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ১টি পরিচালক পদের ডিপিসির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রোগ্রামার-১টি, অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৬টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-৩টিসহ ১০টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :**

**১০ম গ্রেড ও তদুর্দ্ধ** : বিপিএসসি'তে ২৪১টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

**ঙ) কারা অধিদপ্তর :**

**(ক) ১ম-৯ম গ্রেড** : ফিডার পদধারী না থাকায় ১টি কারা উপ-মহাপরিদর্শক পদ, আদালতে মামলা বিচারাধীন থাকায় ১৩টি সিনিয়র জেল সুপার পদে পদোন্নতি এবং ২৩টি জেলার ও উপতত্ত্বাবধায়ক পদে সরাসরি নিয়োগ করা সম্ভব হচ্ছে না। ২টি জেলার পদে পদোন্নতির প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

| | | |
|---|---|---|
| | **(খ) ১০ম গ্রেড :** বিপিএসসি কর্তৃক ২ জন ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে এবং ৬টি পদ সংরক্ষণ রেখে ৫৫টি ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য বিপিএসসি বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>**গ) ১১-১৬ গ্রেড :** ডেপুটি জেলার ও মহিলা ডেপুটি জেলার মোট ৩০টি পদ ৪০ তম বিসিএস এবং ১২টি পদ ৪১তম বিসিএস হতে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরির ১১৭টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে।<br>**ঘ) ১৭-২০ গ্রেড :** কারারক্ষী ৩৫৫টি এবং মহিলা কারারক্ষী ১৪টি শূন্যপদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ৩৮টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। | |
| ২.৩ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন :** উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জেলা প্রশাসক সম্মেলন-২০২৩-এ সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ১০টি সিদ্ধান্ত রয়েছে। এর মধ্যে ১টি নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ, ১টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট। জেলা প্রশাসক সম্মেলন, ২০১৮-২০২২-এ ২টি মধ্যমেয়াদি ও ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে। এর মধ্যে ২টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ১টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ২টি কারা অধিদপ্তর সংশ্লিষ্ট। সভায় জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০১৮-২০২৩-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয় সভায় সুনির্দিষ্ট তথ্য সহকারে প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

২.৪ <u>**ক্রয় ব্যবস্থাপনা**</u> : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ক্রয় কার্যক্রম নিম্নরূপ :

| ক্রম | অধিদপ্তরের নাম | ই-জিপিতে আবেদনকৃত টেন্ডারের বিবরণ | ই-জিপি ব্যতিত টেন্ডারের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | **ডিআইপি** | -- | -- | জানুয়ারি, ২০২৪ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি। |
| ২ | **ডিএনসি** | জানুয়ারি, ২০২৪ এ ৩টি টেন্ডার আহ্বান করা হয়েছে। উল্লেখ্য যে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ই-জিপিতে সম্পাদন করা হচ্ছে। | -- | -- |
| ৩ | **এফএসসিডি** | ১.টিসি কমবেট কাপড়,<br>২.ডীপ সাইন,<br>৩. ডিএমএস বুট,<br>৪. পিটি স্যু,<br>৫.স্টিল ট্রাংক,<br>৬.হ্যাগিং ব্যাজ (জীপ সাইন),<br>৭. Rescue Badge and Rang Badge Cloth (As per Designation),<br>৮. মশারী,<br>৯.স্যু ব্রাশ (কালো),<br>১০ স্যু-পালিশ (কালো) | -- | আহ্বানকৃত ৪টি দরপত্রের মধ্যে ইতোমধ্যে ২টি মূল্যায়ন কার্যক্রমের শেষে NOA জারি করা হয়েছে। অপর ২টি দরপত্র ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে উন্মুক্ত করা হয়েছে যার মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৪ | **প্রিজন** | ২৮টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করা হয়েছে। | -- | জানুয়ারি, ২০২৪ এ আহ্বানকৃত ৯টি প্যাকেজের মধ্যে ৭টি প্যাকেজেই আছে এবং ২টি প্যাকেজ মূল্যায়ন প্রক্রিয়ায় রয়েছে। |

১) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;

২) আওতাধীন অধিদপ্তরসমূহে বিবেচ্য মাসে অনলাইন এবং অফলাইনে আহ্বানকৃত টেন্ডারসমূহের তালিকা এবং এর বিপরীতে সংগ্রহ/ক্রয়কৃত পণ্য/সেবা/ওয়ার্কস (কাজ) বিবরণ প্রেরণ অব্যাহত রাখতে হবে।

৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা ক্রয়ের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণ করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

| | | |
|---|---|---|
| ২.৫ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** সভাকে জানানো হয়, ২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মোট সূচক **১৩৯টি** । এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ৪৩টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর- ১৭টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-৩০টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-২৭টি ও কারা অধিদপ্তর-২২টি। এর মধ্যে বাস্তবায়িত সুরক্ষা সেবা বিভাগ-১৪টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-৯টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১৩টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-১২টি, কারা অধিদপ্তর-১০টি সর্বমোট **৫৮টি**। মোট বাস্তবায়নের হার **৪১.৭২%**। প্রতি ২ (দুই) মাস অন্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে সভা হয়ে থাকে। এ যাবৎ এ বিষয়ে ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। | ১) সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম লিডার কর্তৃক অধিদপ্তরের ফোকাল পয়েন্ট এবং এ বিভাগের এপিএ টিমের সদস্যদের নিয়ে নিয়মিত সভা করবেন এবং দিকনির্দেশনা প্রদান করবেন।<br><br>২) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট সূচকসমূহ অর্জনে প্রতিমাসে অধিদপ্তর প্রধানগণ সভা করবেন এবং অনুলিপি এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগে দিতে হবে।<br><br>৩) এপিএ সূচক বাস্তবায়নের অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্তৃক প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৪) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমাণক সংরক্ষণের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসে দিকনির্দেশনা প্রদান করতে হবে।<br><br>৫) শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষক/মেন্টরগণ দায়িত্ব পালন করেন কি না সে বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তাগণকে নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr>
<td>২.৬</td>
<td>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন : সভাকে জানানো হয়, ২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের মোট সূচক ৮১টি। এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট-১৬টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর- ১৬টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-১৬টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১৭টি ও কারা অধিদপ্তর-১৬টি। এর মধ্যে বাস্তবায়িত সুরক্ষা সেবা বিভাগ-৪টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-৩টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-২টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-৪টি, কারা অধিদপ্তর-৫টি সর্বমোট ১৮টি। মোট বাস্তবায়নের হার ২২.২২%।</td>
<td>১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br><br>২) ফোকাল পয়েন্ট কর্মকর্তা সূচক বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ৩ (তিন) তারিখের মধ্যে লিখিতভাবে সফটকপি এবং হার্ডকপি ই-নথিতে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.৭</td>
<td><u>অডিট আপত্তি :</u> উপসচিব (বাজেট-২) সভাকে জানান, অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ৫ ডিসেম্বর ২০২৩ তারিখে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
<table>
<tr><th>বিভাগ/সংস্থারনাম</th><th>মোটঅডিট আপত্তিরসংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১০৫টি (NSFI: ৩৯ ও SFI ৬৬)</td><td>৬২</td><td>৩৯</td><td>৬৬ NSFI-১৬ SFI-৫০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৫১৬</td><td>৪৮৯</td><td>৩০০</td><td>২১৬</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৫৮টি<br>(১৭-১৮=১২<br>১৮-১৯=১৩<br>২০-২১=১৭<br>২১-২২=১৬)</td><td>৫৮</td><td>১২<br>(১৮-১৯=০৩)<br>(২০-২১=০৮)<br>(২১-২২=০১)</td><td>৪৬<br>(১২<br>১০<br>০৯<br>১৫)</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১২</td><td>৪</td><td>১</td><td>১২</td></tr>
</table>
</td>
<td>১) যেসকল আপত্তির ব্রডশিট জবাব এখনো প্রদান করা হয়নি সেসকল আপত্তির ব্রডশিট জবাব জরুরিভিত্তিতে প্রদান করতে হবে;<br><br>২) দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>২.৮</td>
<td>পেনশন : সভাকে জানানো হয়, আদালতে মামলা বিচারাধীন থাকার কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ১টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে।</td>
<td>১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.৯ | **জেলা পরিদর্শন :** সভাকে জানানো হয়, বিবেচ্য সময়ে সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক কোন জেলা পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিভাগের আওতাধীন কারা অধিদপ্তরের মহাপরিচালক ঢাকা কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেছেন। | ১) প্রত্যেক মাসে এ বিভাগের কর্মকর্তাগণ ও আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকগণকে নিয়মিত উন্নয়ন প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম চলমান থাকবে। পরিদর্শন শেষে ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর দাখিল করতে হবে;<br><br>৩)পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা নিতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।** |
| ২.১০ | **অনিষ্পন্ন বিষয়াদি** : সভাকে জানানো হয়, এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১১ | **প্রশিক্ষণ** : সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মচারীগণের চাহিদা মোতাবেক Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | ১) ১০ম গ্রেডে হতে ২০তম গ্রেডের প্রশিক্ষণ প্রদানের অগ্রগতি আরো বৃদ্ধি করতে হবে।<br><br>২) জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মচারীদের Need Based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

২.১২ **ওয়েবসাইট হালনাগাদকরণ :** সভাকে জানানো হয়, জানুয়ারি-২০২৪ এ সুরক্ষা সেবা বিভাগের ৫৬৯টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৭টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০৯টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৬৬টি, কারা অধিদপ্তরের ৩৭টি তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়েছে।

সিদ্ধান্ত:

১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য আপলোড ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান/সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)।**

২.১৩ **ই-নথি :** সভায় ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির কার্যক্রম বিষয়ে বিশদ আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে।

| বিভাগ/ অধিদপ্তর | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা | ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার | নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| এসএসডি | ১৫৭ | ১৯৭৯ | ২১৩৬ | ৭.৩৫% | ৯২.৬৫% | |
| এফএসসিডি | ২৩ | ২৮৬ | ৩০৯ | ৭.৪৪% | ৯২.৫৬% | |
| ডিআইপি | ৩৫ | ৩৬৩ | ৩৯৮ | ৮.৭৯% | ৯১.২১% | |
| ডিএনসি | ৪৪ | ৪৬৭ | ৫১১ | ৮.৬১% | ৯১.৩৯% | |
| প্রিজন | ১৫ | ৩৭৮ | ৩৯৩ | ৩.৮২% | ৯৬.১৮% | |

১) ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;

২) ই-নথির নিষ্পত্তির হার কোনোভাবেই এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে হবে;

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

২.১৪ **ইনোভেশন :** সভায় জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবনী ধারণা নিম্নরূপ :

| বিভাগ/অধিদপ্তর | উদ্ভাবনী ধারণা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| এসএসডি | Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন | ইতোমধ্যে কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্ত কারা অনুবিভাগ প্রধানের সভাপতিত্বে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে NTMC কর্তৃক টেস্ট সার্ভারে সফটওয়্যার পরিমার্জনের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। সুপারিশ প্রণয়নের কার্যক্রমটি টেস্ট করা হচ্ছে। টেস্টিং কার্যক্রম শেষ হলে লাইভ সার্ভারে প্রদান করা হবে। |
| প্রিজন | Digital Store Management System | সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম ৭০% সম্পন্ন হয়েছে। |

১) মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনা অনুসারে ইনোভেশনে বর্ণিত সূচকের মান অর্জনে করণীয় নির্ধারণ করতে নির্ধারিত সময় অন্তর অন্তর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী : চীফ ইনোভেশন অফিসার ও এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।**


| | | |
|---|---|---|
| **এফএসসিডি** | Fire and Rescue Apps | ১৪/০১/২০২৪ তারিখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য সভায় Fire and Rescue Apps এবং Database অ্যাপস নির্মাণকারী প্রতিষ্ঠানের সার্ভার হতে অধিদপ্তরের নিজস্ব সার্ভারের রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ২৫/২/২০২৪ তারিখের মধ্যে Apps এবং Database অধিদপ্তরের নিজস্ব সার্ভারে স্থাপন করা হবে।<br>• Android ভার্সনের জন্য কার্যক্রম ১০০% সম্পন্ন হয়েছে। অ্যাপসটি বর্তমানে ফায়ার সার্ভিসের গুগল প্লে স্টোরের অ্যাকাউন্টে বিদ্যমান রয়েছে।<br>• i-os ভার্সনের জন্য কার্যক্রম চলমান আছে। |
| **ডিএনসি** | শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ১.১ এর কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী (সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত) এর বিপরীতে "শুল্ক খালাসের অনাপত্তি প্রবান প্রক্রিয়া সহজিকরণ" সেবাটি গত ০৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে সহজিকরণের অফিস আদেশ জারি করা হয়েছে। এর আলোকে ইতোমধ্যে ১২টি সেবা প্রদান করা হয়েছে। এছাড়া বিলাতী/বিদেশি মদের আমদানী/রপ্তানী লাইসেন্সের আবেদন এবং মদ ও মদজাতীয় পানীয় আমদানির শুল্ক খালাসের ছাড়পত্রের আবেদন ইতিমধ্যে My Gov Platform-এ ইন্টিগ্রেশন এর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। গত ২১ জানুয়ারি ২০২৪ তারিখ এবং ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে আবেদন সম্পন্ন হয়েছিল ডিএনসি প্রধান কার্যালয়ে ভেলিডেশন/নিরীক্ষার আয়োজন করা হয়েছে। অচিরেই এটুআই এর সহযোগীতায় এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হবে। এর পরে সেবা প্রত্যাশীদের জন্য উন্মুক্ত করা হবে। |
| **ডিআইপি** | Visa Application Tracking Management Software | কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান (একটি সফটওয়্যার নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারটি বাস্তবায়নের কার্যক্রম ৫০% সম্পন্ন হয়েছে) |

| | | |
|---|---|---|
| ২.১৫ | **<u>ভিডিও কনফারেন্স :</u>** সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল সভায় জানান, বিবেচ্য মাসে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ২৩টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। | ১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল।** |

| | | |
|---|---|---|
| ২.১৬ | **<u>বিভাগীয় ও দেওয়ানী মামলা :</u>** উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান :<br>১) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে জানুয়ারি ২০২৪ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৪৯২টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ২৬টি, মোট মামলার সংখ্যা ৫১৮টি। এর মধ্যে ১৩টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৫০৫টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ১টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা শূন্য, মোট আপিল মামলার সংখ্যা ১টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা শূন্য, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ১টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এএটি/এটি মামলার সংখ্যা: এটি-১২৬টি ও এএটি-৫৪টি।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৬৩টি, রিট-৩১৭টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ানি- শূন্য, ফৌজদারি- শূন্য। | ১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে তৎপরতা অব্যাহত রাখতে হবে।<br>৪) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের মামলা কার্যতালিকায় (Cause list) অন্তর্ভুক্ত করার বিষয়ে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অধিদপ্তরের প্যানেল আইনজীবীকে সর্বদা তৎপর থাকতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.১৭ | **বিবিধ** : সভাকে জানানো হয় যে, বর্তমান সরকারের 'স্মার্ট বাংলাদেশ উন্নয়ন দৃশ্যমান, বাড়বে এবার কর্মসংস্থান নির্বাচনী ইশতেহার-২০২৪' এর বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগের সভাপতিত্বে একটি সভা ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>২) সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিপরীতে ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ কমিটির ১ম সভা অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগের সভাপতিত্বে ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ফি নির্ধারণ প্রস্তাব চূড়ান্ত হওয়ার পর এ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br><br>৩। সভাকে জানানো হয়, এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে শাখা/অধিশাখা/অধিদপ্তর হতে প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। | ১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রথম মন্ত্রিসভা বৈঠকের গৃহীত দিক-নির্দেশনাসমূহের মধ্যে এ বিভাগ ও অধীন অধিদপ্তর সংশ্লিষ্ট দিক-নির্দেশনাসমূহের বাস্তবায়ন বিষয়ে এখনই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২) সরকারের নির্বাচনী ইশতেহারে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট বিষয়সমূহ বাস্তবায়নের লক্ষ্যে এজেন্ডা আকারে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রস্তাব দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>৪) প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে গত মাসের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ কোন আলোচ্যসূচি থাকলে সফটকপি (পিডিএফ ও ওয়ার্ড ফরম্যাটে)-এ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।<br><br>৫) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কোন দপ্তর হতে কত তারিখে প্রেরণ করা হয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানি কিংবা ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভাপতি ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিজেদেরকে পূর্ণাঙ্গরূপে প্রস্তুত করতঃ গণমুখী প্রশাসন নিশ্চিত করতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী

সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.১৯৬

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০
২৭ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব